দৈনিক
আমাদের সময়

তারিখ 19 NOV 2016
পৃষ্ঠা ১০ কলাম ৪

# কুলিয়ারচরে প্রধান শিক্ষক নেই ১৯ প্রাথমিক বিদ্যালয়ে

**প্রতিনিধি, কুলিয়ারচর (কিশোরগঞ্জ)**

কিশোরগঞ্জের কুলিয়ারচর উপজেলার ১৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ প্রধান শিক্ষক নেই। এছাড়া ৫২টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে স্কুলগুলো পরিচালিত হচ্ছে। শিক্ষক সংকটের কারণে কোমলমতি শিশুদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। প্রধান শিক্ষক শূন্য প্রাথমিক বিদ্যালয়গুলো হচ্ছে: আলীরচর-কাপাসাটিয়া, জগৎচর, বরচারা, দক্ষিণ লক্ষীপুর, বাজরা-কান্দুলিয়া, লালপুর, নোয়াগাঁও, হাজারী নগর, পূর্ব গোবরিয়া, সেমাইকান্দি, লক্ষীপুর ফকিরপাড়া, বাজরা-মাছিমপুর, মাতুয়ারকান্দা, মইথপুর, জাফরাবাদ, উত্তর দশকাহুনিয়া, উত্তর চর কামালপুর, আফতাব উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়। এছাড়াও উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ৫২টি সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষাদানে ব্যাপক সমস্যার সৃষ্টি হচ্ছে। এ ব্যাপারে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি সভাপতিগণ জানান, আবেদন-নিবেদন করেও এসব শূন্য পদে নিয়োগ দেয়া হচ্ছে না। ফলে আশানুরূপ লেখাপড়া না হওয়ায় ছাত্রছাত্রীদের পরীক্ষার ফলাফলও ভালো হচ্ছে না। এ বিষয়ে জানতে চাইলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবদুল আজিজ সংবাদকে জানান, বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে, শীঘ্রই শিক্ষক নিয়োগ দেয়া হবে।